



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
বিদ্যালয়-১, অধিশাখা  
[www.mopme.gov.bd](http://www.mopme.gov.bd)

স্মারক নং- ৩৮.০০৭.০৩৩.০০৪.৪৬.০০.২০১০/১৯৩


তারিখঃ ১৪ শ্রাবণ ১৪২৭  
২৯ জুলাই ২০২০

বিষয় : করোনা ভাইরাসের সংক্রমণ থেকে শিক্ষার্থীদের সুরক্ষার জন্য আগামী ৩১/৮/২০২০ তারিখ পর্যন্ত সকল ধরনের সরকারি/বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ও কিন্ডারগার্টেন বন্ধ রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের সংক্রমণ থেকে শিক্ষার্থীদের সুরক্ষার লক্ষ্যে ইতোপূর্বে ০৩/৬/২০২০ তারিখে জারিকৃত স্মারক নং- ৩৮.০০৭.০৩৩.০০৪.৪৬.০০.২০১০/১২৩ এর নির্দেশনা মোতাবেক প্রদত্ত ছুটির অনুবৃত্তিক্রমে আগামী ৩১/৮/২০২০ তারিখ পর্যন্ত সকল ধরনের সরকারি/বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ও কিন্ডারগার্টেন বন্ধ থাকবে। এ সময়ে নিজেদের এবং অন্যদের করোনা ভাইরাসের সংক্রমণ থেকে সুরক্ষার লক্ষ্যে শিক্ষার্থীগণ নিজ নিজ বাসস্থানে অবস্থান করবে।

০২। প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা ও অনুশাসনসমূহ মেনে চলতে হবে।

০৩। শিক্ষার্থীদের বাসস্থানে অবস্থানের বিষয়টি অভিভাবকবৃন্দ নিশ্চিত করবেন এবং স্থানীয় প্রশাসন তা নিবিড়ভাবে পরিবীক্ষণ করবেন। বর্ণিত সময়ে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ তাঁদের নিজ নিজ শিক্ষার্থীগণ যাতে বাসস্থানে অবস্থান করে নিজ নিজ পাঠ্যবই অধ্যয়ন করে সে বিষয়টি সংশ্লিষ্ট অভিভাবকদের মাধ্যমে নিশ্চিত করবেন।

  
(মোহাম্মদ শফিকুল আরিফ)  
যুগ্মসচিব  
ফোন- ৯৫১১০৭৩

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।

২. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১. জেলা প্রশাসক, সকল।

২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

৪. উপজেলা নির্বাহী অফিসার, সকল।

৫. সিসটেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সকল বিভাগ।

৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সকল।

৮. উপজেলা/থানা শিক্ষা অফিসার, সকল।